



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/18/2021

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট পার্কগুলিতে ছুটির সময়কার মজা ও আনন্দের
ব্যাপারে জানালেন

স্টেটব্যাপী দুই দুজনের বেশি ছুটি-বিষয়ক অনুষ্ঠান

লং আইল্যান্ডের জোনস বিচ ম্যাজিক অফ লাইট শো মৌসুমী অনুষ্ঠান শুরু করলো

লাইট শোয়ের ছবি দেখা যাবে [এখানে](#)

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কবাসীকে স্টেটব্যাপী বিভিন্ন স্টেট পার্ক ও ঐতিহাসিক স্থানে বছরের শেষ পর্যন্ত অনুষ্ঠিত হতে যাওয়া কয়েক ডজন মৌসুমী অনুষ্ঠান ও কার্যক্রমে ছুটি উদযাপন করার নিমন্ত্রণ জানালেন, যার সূচনা হবে লং আইল্যান্ডে, 19 নভেম্বর শুরু হতে যাওয়া বার্ষিক জোনস বিচ ম্যাজিক অফ লাইটস (Jones Beach Magic of Lights) শো দিয়ে।

"জোনস বিচ হল অর্থপূর্ণ ছুটির ঐতিহ্যের জন্মস্থান, যেখানে দুর্দান্ত বার্ষিক লাইট শোয়ের জন্য বা সজ্জিত ঐতিহাসিক স্থানটি ঘুরে দেখে নিউ ইয়র্কের প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করার জন্য বন্ধু ও পরিবার একত্রিত হয়," **গভর্নর হোকল বলেন।** "আমাদের পার্কগুলিতে সব বয়সের সবার উপভোগ করার মতো কিছু না কিছু রয়েছে এবং স্টেট যখন স্বাভাবিক অবস্থায় ফিরে যাওয়ার কাজ করছে, তখন ম্যাজিক অফ লাইটস শোটি ছুটির মৌসুম শুরু করার নিখুঁত উপায়।"

জোনস বিচ স্টেট পার্কের ম্যাজিক অফ লাইটস শো শুরু হবে 19 নভেম্বর, শুক্রবার এবং 2 জানুয়ারি 2022 পর্যন্ত চলবে। ড্রাইভ-থ্রু শোটি পার্কের 2.5 মাইল রাস্তাজুড়ে অবস্থিত, আলোকিত হবে সর্বাধুনিক LED প্রযুক্তি দিয়ে, যার মধ্যে থাকবে 200-ফুট আলোর সুড়ঙ্গ, 40টি ভিন্ন আলোকিত ছুটির দৃশ্য, এবং LED সজ্জিত ছুটির গাছ। সময় হল রবি থেকে বৃহস্পতিবার, সন্ধ্যা থেকে রাত 10 এবং শুক্র-শনিবার সন্ধ্যা থেকে রাত 11টা।

আরো বিস্তারিত পাওয়া যাবে [এখানে](#)। টিকেট বিক্রির অর্থ দাতব্য কাজকে সমর্থন করবে, যেমন গত বছরের শো স্থানীয় প্রতিষ্ঠানের জন্য 150,000 মার্কিন ডলারের পাশাপাশি নষ্ট-হবে-না এমন খাদ্যদ্রব্য, খেলনা, বই, কোট ও আরো জিনিস সংগ্রহ করেছে।

স্টেট পার্কের কমিশনার এরিক কুলেসিড বলেন, "আমাদের পার্ক ও ঐতিহাসিক স্থানে আসুন আর খতু পরিবর্তন হতে দেখুন। আমরা অনেকগুলি ছুটি-বিষয়ক অনুষ্ঠানের ব্যবস্থা করেছি এবং আরো করবো। আপনার বন্ধু ও পরিবারের সাথে একটি নতুন ঐতিহ্য শুরু করুন।"

অন্য বিশেষ ছুটি-বিষয়ক অনুষ্ঠানের মধ্যে রয়েছে হাডসন ভ্যালির সজ্জিত স্টাটসবার্গ স্টেট হিস্টোরিক সাইটে (Staatsburgh State Historic Site) গিল্ডেড এজ ক্রিসমাস (Gilded Age Christmas) উৎসব, উডলন বিচ স্টেট পার্কে (Woodlawn Beach State Park) একটি বিরল লেক ইরির স্যান্ড ডিউন পরিবেশে ব্ল্যাক ফ্রাইডের হাইক, ব্রুকলিনে শার্লি ক্রিসোম স্টেট পার্কে (Shirley Chisholm State Park) থ্যাংকসগিভিং-পরবর্তী "টার্কি-ট্রট (Turkey Trot)" দৌড়, হাডসন স্টেট হিস্টোরিক পার্কের (Hudson State Historic Park) ওয়াকওয়েতে সান্তা ক্লজের আসা, এবং পশ্চিম নিউ ইয়র্কের লেচওয়ার্থ স্টেট পার্কে (Letchworth State Park) 47তম বার্ষিক ক্রিসমাস বার্ড কাউন্ট (Christmas Bird Count)।

যারা ভিডের শপিং সেন্টারে না গিয়ে বাইরে যেতে চান, একাধিক পার্কে থ্যাংকসগিভিংয়ের পর ব্ল্যাক ফ্রাইডে হাইক করা যাবে। বা শুধু নিজে নিজে হাইক করতে চান, আপনার নিকটস্থ ট্রেইলের জন্য স্টেট পার্ক [ওয়েবসাইট](#) ভিজিট করুন।

ছুটির অনুষ্ঠানের সম্পূর্ণ তালিকার জন্য, অনুগ্রহ করে নিউ ইয়র্ক স্টেটের পার্ক ইভেন্ট ক্যালেন্ডার ভিজিট করুন [এখানে](#)। আরো অনুষ্ঠান যোগ হওয়ার সাথে সাথে তালিকাটি হালনাগাদ হতে থাকবে। কিছু অনুষ্ঠানের জন্য প্রাক-নিবন্ধন বা প্রবেশ ফি আবশ্যিক হতে পারে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন (Office of Parks, Recreation and Historic Preservation) 250টির বেশি একক পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদন ট্রেইল এবং নৌকা লঞ্চার তদারকি করে, যেখানে 2020 সালে রেকর্ড 78 মিলিয়ন মানুষ বেড়াতে গিয়েছে। ইউনিভার্সিটির সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে, স্টেট পার্ক ও এর দর্শনার্থী দ্বারা যা ব্যয় হয় তা 5 বিলিয়ন মার্কিন ডলার আউটপুট ও বিক্রয়কে প্রসারিত করে, 54,000 বেসরকারি খাতের কর্মসংস্থান সৃষ্টি এবং অতিরিক্ত স্টেটের মোট দেশীয় পণ্য (Gross Domestic Product, GDP) 2.8 বিলিয়ন মার্কিন ডলারের বেশি যোগ করতে পারে। যেকোনো বিনোদন এলাকার ব্যাপারে আরো তথ্যের জন্য, ভিজিট করুন www.parks.ny.gov, বিনামূল্যে ডাউনলোড করুন NY স্টেট পার্ক এক্সপ্লোরার মোবাইল অ্যাপ বা ফোন করুন 518.474.0456 নম্বরে। এছাড়াও, ফেসবুক, ইনস্টাগ্রাম ও টুইটারে অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশনের সাথে যোগ দিতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418